

💵 নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل) রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

৪৫। বিপদমুক্তি ও প্রয়োজন মেটানোর জন্য আল্লাহর কুদরত (শক্তি) থেকে উপকৃত হওয়া (الله الكشف الكربات، وقضاء الحاجات

আল্লাহ তা'আলা বলেন:

(وَذَا النُّونِ إِذْ ذَهَبَ مُغَاضِبًا فَظَنَّ أَنْ لَنْ نَقْدِرَ عَلَيْهِ فَنَادَى فِي الظُّلُمَاتِ أَنْ لَا إِلَهَ إِلَّا أَنْتَ سُبْحَانَكَ إِنِّي كُنْتُ مِنَ الْغَمِّ وَكَذَلِكَ نُنْجِي الْمُؤْمِنِينَ (88)) ... [الأنبياء: 87 ـ 88].

'আর স্মরণ কর যুন-নূন-এর কথা, যখন তিনি রাগান্বিত অবস্থায় চলে গিয়েছিলেন এবং মনে করেছিলেন যে, আমি তার উপর ক্ষমতা প্রয়োগ করব না। তারপর তিনি অন্ধকার থেকে ডেকে বলেছিলেন, 'আপনি ব্যতীত কোন ইলাহ নেই'। আপনি পবিত্র। নিশ্চয় আমি ছিলাম যালিমদের অন্তর্ভুক্ত। (৮৭) অতঃপর আমি তার ডাকে সাড়া দিয়েছিলাম এবং দুশ্ভিন্তা থেকে তাকে উদ্ধার করেছিলাম। আর এভাবেই আমি মুমিনদেরকে উদ্ধার করে থাকি' (সূরা আল-আম্বিয়া: ৮৭-৮৮)। আল্লাহ তা'আলা আরও বলেন:

(وَإِذِ اسْتَسْقَى مُوسَى لِقَوْمِهِ فَقُلْنَا اضْرِبْ بِعَصَاكَ الْحَجَرَ فَانْفَجَرَتْ مِنْهُ اثْنَتَا عَشْرَةَ عَيْنًا قَدْ عَلِمَ كُلُّ أُنَاسٍ مَشْرَبَهُمْ كُلُوا وَاشْرَبُوا مِنْ رِزْق اللَّهِ وَلَا تَعْثَوْا فِي الْأَرْضِ مُفْسِدينَ (60)) ... [البقرة: 60].

'আর যখন মূসা তার জাতির জন্য পানি চাইলেন, তখন আমি বললাম, তুমি তোমার লাঠি দ্বারা পাথরকে আঘাত কর। ফলে তা থেকে উৎসারিত হলো বারোটি ঝর্ণা। প্রতিটি দল তাদের পানি পানের স্থান জেনে নিল। তোমরা আল্লাহর রিযক থেকে আহার কর ও পান কর এবং ফাসাদকারী হয়ে যমীনে ঘুরে বেড়িয়ো না' (সূরা আল-বাক্লারাহ: ৬০)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9386

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন